



## প্রেস রিলিজ

নিষ্ঠার সাথে প্রবাসীদের সরকারী সেবা প্রদানের উপর গুরুত্বারোপ করেছেন পররাষ্ট্র সচিব

দুবাই, ২৩ অক্টোবর ২০২৪ - পররাষ্ট্র সচিব মো. জসীম উদ্দিন নিষ্ঠা ও আন্তরিকতার সাথে প্রবাসে বসবাসরত বাংলাদেশীদের সেবা প্রদানের জন্য বিদেশস্থ মিশনের কর্মকর্তাদের প্রতি আহ্বান জানিয়েছেন। গতকাল দুবাইতে বাংলাদেশ কনস্যুলেট জেনারেল আয়োজিত এক সভায় উপস্থিত কর্মকর্তা ও কর্মচারীদের উদ্দেশ্যে তিনি এই আহ্বান জানান। এ প্রসঙ্গে পররাষ্ট্র সচিব কনস্যুলারসহ বিভিন্ন সরকারী সেবাকে অটোমেশনের আওতায় এনে আরও দক্ষ ও কার্যকরভাবে এই সেবাগুলো প্রদানের উপর গুরুত্বারোপ করেন।

পররাষ্ট্র সচিব তার বক্তব্যে সাম্প্রতিক সময়ে বাংলাদেশে ঘটে যাওয়া বৈষম্যবিরোধী আন্দোলনের কথা উল্লেখ করে ছাত্র-জনতা যে বিপ্লব ঘটিয়েছে সে বিপ্লবের সুফল জাতিতে এনে দিতে সকলকে একযোগে কাজ করার আহ্বান জানান। বিভিন্ন খাতে সংস্কারসহ অন্তর্বর্তী সরকার যে ইতিবাচক উদ্যোগগুলো গ্রহণ করেছে সেগুলো তুলে ধরে তিনি বলেন যে বাংলাদেশের জনগণের আশা-আকাঙ্ক্ষা পূরণে এই সরকার নিরলসভাবে কাজ করে যাচ্ছে।

বাংলাদেশ ও সংযুক্ত আরব আমিরাতের মধ্যে দ্বিপাক্ষিক বাণিজ্য ও বিনিয়োগ বৃদ্ধির অপার সম্ভাবনার কথা উল্লেখ করে পররাষ্ট্র সচিব সংযুক্ত আরব আমিরাত থেকে বাংলাদেশে বিনিয়োগ বৃদ্ধিতে কাজ করার জন্য বাংলাদেশ কনস্যুলেট জেনারেল, দুবাই ও বাংলাদেশ দূতাবাস, আবুধাবির কর্মকর্তাদের আহ্বান জানান।

সভায় পররাষ্ট্র সচিবকে স্বাগত জানিয়ে দুবাই-এ নিযুক্ত বাংলাদেশের কনস্যুল জেনারেল মোঃ রাশেদুজ্জামান বক্তব্য প্রদান করেন ও পররাষ্ট্র সচিবকে কনস্যুলেট জেনারেলের বর্তমান কার্যক্রম ও ভবিষ্যত কর্মপরিকল্পনা সম্পর্কে অবহিত করেন। আবুধাবিস্থ বাংলাদেশ দূতাবাসের চার্জ দ্য অ্যাফেয়ার্স মুহাম্মদ মিজানুর রহমান এ সভায় উপস্থিত ছিলেন।

*Ar Rahman*

**Md. Arifur Rahman**  
First Secretary (Press)  
Consulate General of Bangladesh  
Dubai, UAE